



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
(সাধারণ শাখা)

ডিওএস সার্কুলার লেটার নং-১২

তারিখ : ০৬-০৬-১৪১৭ বঙ্গাব্দ
২১-০৯-২০১০ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩(স্ট্যাম্প) এর ২১ জুলাই, ২০১০ তারিখের পত্র নং অম/অসবি-৩-০১/২০০৮(স্ট্যাম্প)-১১৫(১৪০) এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে ছবছ পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(কে,এম, গাওছুজ্জামান)
মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)
ফোন : ৯৫৫০৪৩৭

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৩(স্ট্যাম্প)

নং অম/অসবি-৩-০১/২০০৮(স্ট্যাম্প)-১১৫(১৪০)

তারিখ : ০৬ শ্রাবণ, ১৪১৭ বঃ
২১ জুলাই, ২০১০ খ্রিঃ

বিষয় : রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, Stamp Act, 1899 এর ২(২৩) ধারার সংজ্ঞানুযায়ী কোন অর্থ বা অন্যবিধ সম্পত্তির ক্ষেত্রে উহার পরিমাণ বা মূল্য ২০০(দুইশত) টাকার বেশী হলে 'Receipt' গ্রহণের ক্ষেত্রে Stamp Act, 1899 এর তফসিল-১ এর এন্ট্রি-৫৩ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যাংক/ব্যক্তি-কে প্রতিবার ৫(পাঁচ) টাকার রেভিনিউ স্ট্যাম্প প্রদান/বাধ্যতামূলক। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে কোন কোন প্রতিষ্ঠান/ব্যাংক/ব্যক্তি ৫০০ (পাঁচশত) টাকার কম হলে রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার করে না। যা আইনতঃ দণ্ডনীয় অপরাধ।

০১। এমতাবস্থায়, Stamp Act, 1899 এর ২(২৩) ধারার সংজ্ঞানুযায়ী কোন অর্থ বা অন্যবিধ সম্পত্তির ক্ষেত্রে উহার পরিমাণ বা মূল্য ২০০(দুইশত) টাকার বেশী হলে 'Receipt' গ্রহণের ক্ষেত্রে Stamp Act, 1899 এর তফসিল-১ এর এন্ট্রি-৫৩ অনুযায়ী প্রতিবার ৫(পাঁচ) টাকার রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিত করার জন্য আপনার মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন/প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাঃ/-

২১/৭/১০

(লুৎফুন নাহার)

সহকারী সচিব

ফোন-৯৫৫৫৬৫৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।